

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের ফটোকপি।
- ২। ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের সংশোধিত ক্রয় পরিকল্পনার ফটোকপি।
- ৩। খসড়া নক্সা।
- ৪। পূর্ব অনুমোদিত দরের কপি।
- ৫। ক্যালকুলেশন।
- ৬। প্রাক্কলন।


বিষয়ঃ “Repair and Maintenance of Chlorine room at Different Water Pump station under SOC Division (Lot-06)” কাজের অনুমোদন প্রসঙ্গে।


- ০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্রমিক নং- ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ। ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ১৩৩১ টি পানির পাম্প রয়েছে। এই সকল পাম্পের মাধ্যমে পানি উৎপাদন করে নগরবাসীকে পানি সরবরাহ করা হয়। উৎপাদিত পানি সরবরাহের পূর্বে ক্লোরিন গ্যাস ও ব্লিচিং পাউডার পানিতে ব্যবহার করা হয়। এসব কেমিক্যাল ব্যবহার করার জন্য ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম এবং ব্লিচিং পাউডার ডোজিং সিস্টেম স্থাপন করা আছে। ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম স্থাপনের জন্য ক্লোরিন রুমের প্রয়োজন হয়। বিভিন্ন মন্ডল জোন সমূহের আওতাধীন বেশ কিছু পাম্পের রুম বহু পুরাতন হওয়ায় হাদ চুয়ে চুয়ে পানি পড়ে। ফলে পলেন্সুরা খসে পড়ছে এবং দরজা জানালা ভেন্টিলেটর ভেঙে যাওয়ায় ব্যবহার অনুপযোগী ও জরাজীর্ণ অবস্থায় আছে। এতে ক্লোরিন লিকেজ সংঘটিত হলে আশেপাশের আবাসিক এলাকায় ছড়িয়ে পড়ার আশংকা রয়েছে। উক্ত রুমে ক্লোরিন পাম্প মোটর, সিলিন্ডার ইত্যাদি স্থাপন নিরাপদে রাখার নিমিত্তে ভেন্টিলেশন সিস্টেম এর জন্য এগজস্ট ফ্যান স্থাপন, দরজা মেরামত কাজ, প্লাস্টারিং, রং করণ ইত্যাদি রক্ষণাবেক্ষণ কাজ জরুরী ভিত্তিতে করা প্রয়োজন। ক্লোরিন রুমগুলি মেরামত করে ঝুঁকি এড়ানো সম্ভব। এই রকম ৭ টি পাম্প স্টেশনে ক্লোরিন রুমের প্রয়োজনীয় মেরামত কাজ করা হলে পাম্পে ক্লোরিন সিস্টেম নিরাপদ ও সচল রাখা সম্ভব। সেই লক্ষ্যে প্রয়োজনীয় মেরামত কাজ সম্পাদনের নিমিত্তে PWD Rate Schedule 2022 এবং পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (ক্রঃ নং- ০৬ দ্রঃ)। যাতে টাকার অংক এসেছে টাঃ ৪,৯৯,৪১৩.১৮৬/= (টাকা চার লক্ষ নিরানব্বই হাজার চার শত তেরো দশমিক এক আট ছয়) মাত্র। উল্লেখ্য, যে আলোচ্য কাজটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এস. এম. ডব্লিউ সি সার্কেল) মহোদয় কর্তৃক পরিদর্শনান্তে চূড়ান্ত করা হবে।
- ০২। আলোচ্য কাজটি অএ বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বরাদ্দকৃত বাজেটের পরিচালন ব্যয় “Office building maintenance (অফিস দালান রক্ষণাবেক্ষণ)” ০১-০৪-০০৭ খাত হতে নির্বাহ করা যেতে পারে (ক্রঃ নং-০১) এবং কাজটি এস ও সি বিভাগের ২০২৫-২০২৬ অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রঃনং- 42,R-2,(Package No- WOBM-8) এ অন্তর্ভুক্ত রয়েছে। (ক্রঃ নং-০২)। আলোচ্য সরবরাহ কাজের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।
- ০৩। এমতাবস্থায়, Repair and maintenance of Chlorine room at Different Water Pump station under SOC Division (Lot-06) কাজটির জন্য উপস্থাপিত টাঃ ৪,৯৯,৪১৩.১৮৬/= (টাকা চার লক্ষ নিরানব্বই হাজার চার শত তেরো দশমিক এক আট ছয়) মাত্র। প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 ধারা (৩২) এবং PPR-2025 এর বিধি ৮০(১) মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতি (LTM, e-GP) এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে অনুমোদনের জন্য সর্বনিম্নে উপস্থাপন করা হলো।


18.05.26


মোঃ সেলিম রেজা
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা


মোঃ আহসানুল হাফিজ
উপ-বিভাগীয় প্রকৌশলী (৬ঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।
AE/SAE


18-05-26
সাদাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (৬ঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।


19/05/26
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (৬ঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

০৪। উপস্থাপিত অনুমোদিত


20/05/26
সাদাম হোসেন
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।